ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
১২৪/৯০/৩, ব্লক-বি, সড়ক নং-০২,
পশ্চিম ধানমন্ডি,বসিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর
www.iau.edu.bd
E-mail: iaupro.bd@gmail.com

স্মারক নং-ইআবি/জনসংযোগ,ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০২০/০০৪৭৬

তারিখ : ৩০-১২-২০২৫ খ্রিস্টাব্দ

## শোক সংবাদ বিজ্ঞপ্তি

# সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার ইন্তিকালে ইআবি প্রো-ভাইস-চ্যান্সেলরের শোক প্রকাশ

সাবেক তিনবারের প্রধানমন্ত্রী ও বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার মৃত্যুতে গভীর শোক ও দু:খ প্রকাশ করেছেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ শহীদুল ইসলাম। এক শোকবার্তায় তিনি মরহুমার রুহের মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবার, দলীয় নেতাকর্মী ও সমগ্র দেশবাসীর প্রতি সমবেদনা জ্ঞাপন করেন। তিনি বলেন,দেশ একজন দূর্দীনের অভিভাবককে হারালো। গণতন্ত্র, জাতীয় সার্বভৌমত্ব এবং জনগণের অধিকার প্রতিষ্ঠার আন্দোলনে তাঁর সাহসী ও বলিষ্ঠ ভূমিকা বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে চিরস্মরণীয় হয়ে থাকবে। রাজনৈতিক জীবনে তাঁর ত্যাগ, প্রজ্ঞা ও নেতৃত্ব ভবিষ্যৎ প্রজন্মের জন্য অনুপ্রেরণার উৎস হয়ে থাকবে।

উল্লেখ্য, বেগম খালেদা জিয়া আজ মঙ্গলবার ভোরে (৩০ ডিসেম্বর ২০২৫) রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন) ।

পরিচালক
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:
১. আইসিটি শাখা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।